

বেলকুচি উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি আগষ্ট/ ২০১৮ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ওলিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
 স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
 তারিখ : ১৬/০৮/২০১৮ খি, সময় : বেলা : ১১.৪০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট “ক” (হাজিরার ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে বেলকুচি উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভায় উপস্থিত সকল সদস্য ও সুধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, বর্তমান সমাজে জনসাধারণের অসর্কতা ও অসচেতনতার অভাবে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন, হত্যা ও যৌন হয়রানি ঘটেছে। এটা বন্ধে ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠানপূর্বক সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নির্দেশনা প্রদান করা হয়। তিনি স্কুল কলেজ পর্যায়ে বাল্যবিবাহ বন্ধে সচেতনতামূলক সভার আয়োজন করতে মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। তিনি নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্যবিবাহ নিরোধে অনুষ্ঠিত উঠান বৈঠক আরো বৃদ্ধি করতে এবং তা মনিটরিং করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান।

অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বাল্যবিবাহ নিরোধে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক সভা	বাল্যবিবাহ নিরোধে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক সভা অব্যাহত রাখা সহ মোবাইল কোর্ট পরিচালনা করে অপরাধীদের সাজা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০২	সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা/সেমিনার আয়োজন	ধর্ষণের মতো স্পর্শকাতর অপরাধের ক্ষেত্রে ডিকটিম যেন শুরুতেই আইনের আশ্রয় নেন এ ব্যাপারে সামাজিক সচেতনতা বাঢ়ানোর লক্ষ্যে সভা, সমাবেশ ও সেমিনার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৩	কাজীদের আরও সতর্কতা অবলম্বন	বেলকুচি উপজেলায় বাল্যবিবাহ কাজীদেরকে আরও সতর্কতা অবলম্বন করতে হবে। কিছু কাজী আছে যারা লুকিয়ে বিয়ে রেজিট্রি করে থাকেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি কাজী সমিতি
০৪	বাল্যবিবাহ প্রতিরোধে জন্ম সনদ প্রদানে আরও সতর্কতা	বাল্যবিবাহ প্রতিরোধে জন্ম সনদ প্রদানে আরও সতর্কতা অবলম্বন, নেটোরি পাবলিক কর্তৃক প্রদত্ত বয়স নির্ধারণের ক্ষেত্রে এফিডেভিট বন্ধকরণ, বাল্যবিবাহে জড়িত কাজীদের আইনানুযায়ী কঠোর শাস্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চেয়ারম্যান, সকল ইউপি।
০৫	নির্যাতনের শিকার নারী ও শিশুর সহায়তার লক্ষ্যে যে কোন মোবাইল ও অন্যান্য ফোন থেকে সরাসরি টোলফি ১০৯ নম্বরটি সকলকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্যাতনের শিকার নারী ও শিশুর সহায়তার লক্ষ্যে যে কোন মোবাইল ও অন্যান্য ফোন থেকে সরাসরি টোলফি ১০৯ নম্বরটি সকলকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চেয়ারম্যান, সকল ইউপি।
০৬	নারী ও শিশু নির্যাতনসহ যৌতুকের বিষয়ে অনিষ্পন্ন মামলা নিষ্পত্তিকরণ	নারী ও শিশু নির্যাতনসহ যৌতুকের বিষয়ে অনিষ্পন্ন মামলা নিষ্পত্তিকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ
০৭	মসজিদের ইমামগণ খুবৰার পূর্বে যৌতুক ও বাল্য বিবাহ বিরোধী বক্তব্য প্রদান।	বেলকুচি উপজেলার সকল মসজিদের ইমামগণ খুবৰার পূর্বে যৌতুক ও বাল্য বিবাহ বিরোধী বক্তব্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক ইসলামিক ফাউন্ডেশন

০৮	তথ্য দিয়ে সার্বক সহযোগিতা	বেলকুচি উপজেলাসহ ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে নারী ও শিশু নির্যাতনসহ ঘোতুকের বিষয়ে সমস্য হলে জরুরী ভিত্তিতে প্রশাসনকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ
----	----------------------------	--	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ গুলিউদ্দিন খান)

উপজেলা নির্বাহী অফিসার

ও সভাপতি

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি

বেলকুচি, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

belkuchi.sirajgonj.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক ন.- ০৫.৪৩.৮৮১১.০০১.৮৩.০০৭.১৬-১৪৩৪(৮০)

তারিখ: ১৯/০৮/২০১৮ খ্রি:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জনাব আলহাজ্ব মোঃ আব্দুল মজিদ মন্ত্র, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৬ সিরাজগঞ্জ-৫।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৫। মেয়র, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৭। সহকারী কমিশনর (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৮। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।
- ৯। উপজেলা,..... অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১০। চেয়ারম্যান/সচিব, বেলকুচি সদর/রাজাপুর/ভাসাবাড়ি/দৌলতপুর/ধুকুরিয়াবেড়া/বড়ধূল ইউ, পি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বেলকুচি প্রেস ফ্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক, কাজী সমিতি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১৩। জনাব,.....।
- ১৪। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১৫। অফিস নাথ।

উপজেলা নির্বাহী অফিসার

বেলকুচি, সিরাজগঞ্জ